



## ভারতীয় সহকারী হাই কমিশন, খুলনা

### মালহার ফেস্টিভাল ২০১৯ সংবাদ বিজ্ঞপ্তি

খুলনায় ভারতীয় সহকারী হাই কমিশন ও উদীচী শিল্পীগোষ্ঠী যৌথভাবে খুলনায় এই প্রথম বারের মতো 'মালহার উৎসব' এর আয়োজন করতে যাচ্ছে। আগামী ২৮ জুলাই রোববার খুলনা মহানগরীর নতুন বাজার ৮২, রূপসা স্ট্যান্ড রোডের সিএসএস আভা সেন্টারে সন্ধ্যে সাড়ে ৬টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত অনুষ্ঠিতব্য মালহার উৎসবে প্রখ্যাত দুই ভারতীয় বাদক শিল্পী বাদ্যযন্ত্র উৎসবে অংশ নেবেন। তারা হলেন সরোদে পন্ডিত দেবজ্যোতি বোস এবং তবলায় পন্ডিত শুভংকার ব্যানার্জি।

বাদ্যযন্ত্রে শাস্ত্রীয় রাগ সৃষ্টির মাধ্যমে বৃষ্টিকে স্বাগত জানানোই হচ্ছে এই মালহার উৎসবে। ভারতের সুপরিচিত শিল্পীদের উপস্থাপনায় এই উৎসব খুলনার মানুষের জন্য একটি সেরা উপহার। যারা শাস্ত্রীয় সংগীত ভালোবাসেন তাদের জন্য এটি হবে অন্যতম শিক্ষণীয় বিষয়। খুলনাকে লোক ও শাস্ত্রীয় সংগীতের রাজধানী মনে করে খুলনার সংস্কৃতিমনা মানুষের জন্যে এই উৎসবের আয়োজন করা হয়েছে।

পন্ডিত শুভংকার ব্যানার্জি: শাস্ত্রীয় তবলা বাদক হিসেবে দক্ষ পন্ডিত শুভংকার ব্যানার্জি কে ভারতীয় সংগীতে মশাল বাহক হিসেবে মনে করা হয় তার মেধাবী ও নানামুখি সংগীত কৌশলের জন্যে। তার অনবদ্য পারফরমেন্স তাকে ভারতসহ বিশ্বব্যাপী ব্যাপক খ্যাতি ও সম্মান এনে দিয়েছে। ভারতের বিশিষ্ট সংগীতশিল্পী ও নৃত্যশিল্পীদের অন্যতম জনপ্রিয় তবলাশিল্পী হিসেবে তিনি সমাদৃত। 'নোবেল শান্তি পুরস্কার কনসার্ট', 'ব্রাজিলে ফেস্টিভেল অব ইন্ডিয়া, দক্ষিণ আফ্রিকায় 'জাপানের এশিয়ান ফ্যান্টাসি কনসার্ট' লন্ডনে 'সিম্ফনী অর্কেস্ট্রা' এগুলো সকলের কাছে গ্রহণযোগ্য হয়েছে।

পন্ডিত দেবজ্যোতি বোস: টনি নামে পরিচিত পন্ডিত দেবজ্যোতি বোস ১৯৬২ সালের ২০ ডিসেম্বর কোলকাতায় একটি সংগীত সমাদৃত পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি বোস পরিবারের চতুর্থ প্রজন্মের সংগীতজ্ঞ। তার প্রোপিতামহ শ্রী অক্ষয় কুমার বোস বর্তমান বাংলাদেশের যশোরের পঞ্চবিলা এলাকার জমিদার ছিলেন। তবলার প্রতি তার অনুরক্ত পবিত্রী প্রজন্মে প্রবাহিত হয়েছে। তবলা এবং সরদের রেক্টিয়াল একটানা মিশিয়ে ফেলতে পারেন।

ভারতসহ অনেক দেশের বিখ্যাত সংগীত উৎসবে পারফরম করেছেন পন্ডিত দেবজ্যোতি। এর মধ্যে ডেভার লেন মিউজিক কনফারেন্স কোলকাতা, সারদ উৎসব দিল্লী, তানসেন সমারোহ গোয়ালির, পরম্পরা কনসার্ট আইসিসিআর দিল্লী অন্যতম। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া এবং এশিয়ার গুরুত্বপূর্ণ শহরে তিনি পারফরমেন্স করেছেন।

খুলনা,  
২৪ জুলাই ২০১৯

\*\*\*\*